




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঝালকাঠি।
www.dae.jhalakathi.gov.bd



মুজিব বর্ষের অঙ্গীকার
নিরাপদ সবজি উপহার

স্মারক নং-১২.১৭.৪২০০.০৩৯.০২৭.১৮৮.২১/৬৬৩/২০

তারিখঃ ১২/০৪/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদন/তথ্য প্রেরণ প্রসংগে।


সূত্রঃ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা মহোদয়ের ০৩/০৪/২০২২ খ্রি. তারিখের ১২.০১.০০০০.৮২০.৩২.০১৭.২২.২০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের নির্দেশনার আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল এর ভিশন “সুখী-সমৃদ্ধ সোনার বাংলা এবং মিশন রাস্ত্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা” সে প্রেক্ষিতে উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঝালকাঠি এর জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন করে যাচ্ছে। উক্ত কর্মপরিকল্পনার কার্যক্রম নং- ১.৭ অনুযায়ী ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ’ নির্ধারণ রয়েছে। সে প্রেক্ষিতে, শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে জেলা কার্যালয়ের প্রধানের নেতৃত্বে গঠিত বাছাই কমিটির মাধ্যমে জেলা পর্যায়ের কার্যালয়ে কর্মরত ৪-৯ গ্রেডভুক্ত/ আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের প্রধান/উপজেলা কার্যালয়ের ৪-৯ গ্রেডভুক্ত ১ জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন, ১৭-২০ গ্রেড ভুক্ত ১ জন করে মোট ৩ জন কর্মকর্তা/ কর্মচারীকে (পুরস্কার প্রদানের পর্যায়ঃ শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ এর ৩.৪ অনুচ্ছেদ অনুযায়ী) শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রম সম্পাদন হবে।

২. পুরস্কার প্রদানের ক্ষেত্র: জেলা পর্যায়ের কার্যালয়ে কর্মরত ৪-৯ গ্রেডভুক্ত/ আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের প্রধান/উপজেলা কার্যালয়ের ৪-৯ গ্রেডভুক্ত ১ জন। জেলা কার্যালয়ের/ উপজেলা কার্যালয়ের ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন এবং ১৭-২০ গ্রেড ভুক্ত ১ জন করে সর্বমোট ৩ জন কর্মচারী।
৩. পুরস্কার প্রদানের বিবেচ্য কর্মকর্তা/ কর্মচারীকে ন্যূনতম ৬ মাস সংশ্লিষ্ট কার্যালয়ে চাকরি করতে হবে। কোন কর্মকর্তা/কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার পেলে বদলি বা পদোন্নতি বা অন্য কারণে কার্যালয় পরিবর্তিত হলেও তিনি পরবর্তী ৩ বছরের জন্য পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না।
৪. উপজেলা কার্যালয়ের প্রধান ২০২১-২২ অর্থবছরের উপজেলার শুদ্ধাচার কর্মপরিকল্পনার অনুলিপিসহ ওয়েব পোর্টালের স্ক্রিনশটের অনুলিপি খ) শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম, ২য় ও ৩য় প্রান্তিকের অগ্রগতির প্রতিবেদনের অনুলিপিসহ ওয়েব পোর্টালের স্ক্রিনশটের অনুলিপি সংযুক্ত করবেন।
৫. আবেদন ও তথ্য প্রেরণ: আবেদন ও তথ্য (সংযুক্ত ছক মোতাবেক ও প্রযোজ্য ক্ষেত্রে প্রমানকসহ) আগামী ১৯/০৪/২০২২ খ্রি. তারিখের মধ্যে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঝালকাঠি বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত আবেদন ও ছকসমূহঃ

- ছক-১: জেলা পর্যায়ের কার্যালয়ে কর্মরত ৪-৯ গ্রেডভুক্ত/ আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের প্রধান/উপজেলা কার্যালয়ের ৪-৯ গ্রেডভুক্ত কর্মকর্তাদের জন্য।
ছক-২: ১০-১৬ গ্রেডভুক্ত কর্মকর্তা/ কর্মচারীদের জন্য।
ছক-৩: ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের জন্য।


(মোঃ মনিরুল ইসলাম)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঝালকাঠি।

বিতরণঃ (আপনার কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ):

- ১। অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিএই, ঝালকাঠি।
- ২। উপজেলা কৃষি অফিসার, ঝালকাঠি সদর/ নলছিটি/ রাজাপুর/ কাঠালিয়া, ঝালকাঠি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন ও অর্থ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৪। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ৫। অফিস কপি।